

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নিবন্ধন অধিদপ্তর

১৪, আবদুল গনি রোড, ঢাকা।

www.rd.gov.bd



-ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

নিবন্ধন অধিদপ্তরাধীন জেলা পর্যায়ে জেলা রেজিস্ট্রার/সাব-রেজিস্ট্রার কার্যালয়সমূহে নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	জাতীয় বেতন স্কেল/২০১৫	শিক্ষাগত যোগ্যতা
০১	অফিস সহায়ক	১০টি	৮,২৫০-২০,০১০	অষ্টম শ্রেণী পাস
০২	নৈশ প্রহরী	০২টি	৮,২৫০-২০,০১০	অষ্টম শ্রেণী পাস

পালনীয় শর্তাবলীঃ

১। মহা-পরিদর্শক, নিবন্ধন, বাংলাদেশ, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা বরাবরে সাদাকাগজে স্বহস্তে লিখিত আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জাতীয়তা, নিজ জেলা, ধর্ম জন্ম তারিখ-২৬-০৯-২০২১ খ্রিঃ তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতঃ আবেদনপত্র আগামী ২৬-০৯-২০২১খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সাধারণ ডাকযোগে পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত দরখাস্ত কোনভাবেই গ্রহণযোগ্য হবে না।

২। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে ঃ

(ক) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম পদবী সম্বলিত সীলসহ) কর্তৃক সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

(খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম পদবী সম্বলিত সীলসহ) কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।

(গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন প্রদত্ত নাগরিকত্বের সনদের সত্যায়িত কপি।

(ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম পদবী সম্বলিত সীলসহ) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদেরকে আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী হালনাগাদকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি।

(চ) আবেদনকারীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা (বর্তমান ঠিকানা) লিখিত এবং ৫ (পাঁচ) টাকার ডাক টিকেট সম্বলিত ১০*৪.৫ মাপের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর পদের নাম ও নিজ জেলা স্পষ্ট করে উল্লেখ করতে হবে।

৩। প্রার্থীর বয়স সীমা ২৬-০৯-২০২১খ্রিঃ তারিখে (১৮) হতে ৩০ (ত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে। তবে উল্লেখ্য যে জনপ্রশাসন মন্ত্রণালয় বিধি-১ শাখার ১৯-০৮-২০২১খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩ নং স্মারকে নির্দেশনা মোতাবেক আগ্রহী প্রার্থীর বয়স ২৫-০৩-২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত যাদের বয়স ৩০ বৎসর অতিক্রান্ত হয়নি সে সকল প্রার্থীরাও আবেদন করতে পারবে। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪। চাকুরীরত প্রার্থীদেরকে নির্ধারিত তারিখের মধ্যে স্বীয় কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। কোন নির্দিষ্ট কোটায় আবেদনকারীকে সংশ্লিষ্ট কোটার অধিকারী মর্মে প্রমাণপত্র দাখিল করতে হবে এবং আবেদনপত্র ও খামের উপর কোন কোটায় আবেদন করা হয়েছে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। কোটাধারী করে দাখিলী আবেদনপত্র ও খামে সুনির্দিষ্টভাবে কোটা উল্লেখ করা না হলে উক্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬। মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।


৭। নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে প্রয়োজন সাপেক্ষ সমস্কেলের যেকোন পদে কাজ করতে হবে।

৮। চূড়ান্ত/মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

৯। অসম্পূর্ণ ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। দরখাস্ত আগামী ২৬-০৯-২০২১খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র মহা-পরিদর্শক, নিবন্ধন বাংলাদেশ নিবন্ধন অধিদপ্তর, ১৪, আব্দুল গনি রোড ঢাকা-১০০০ বরাবর অফিস চলাকালীন সময়ে সাধারণ ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি, রেজিস্ট্রি ডাকযোগে ও নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গৃহীত হবে না।

১১। অত্র নিয়োগে বিজ্ঞপ্তি কোন চাকুরীর নিশ্চয়তা প্রদান করে না। কর্তৃপক্ষ প্রয়োজন সাপেক্ষে যে কোন পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বিলুপ্ত করার এবং প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও উৎকর্ষতার ভিত্তিতে সীমিত সংখ্যক প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।



(শেখ মোঃ আনোয়ারুল হক)
পরিদর্শক রেজিস্ট্রি অফিসসমূহ
ঢাকা বিভাগ

ও

সদস্য সচিব

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।